



জাতীয় সংসদ নির্বাচন আয়িকার
সচিব কার্যালয়

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.০৬.০১৮.২৩-৭৬৭

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিষয় : দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে অগ্রিম ডাক মাসুল পরিশোধ না করে পত্র প্রেরণের সুযোগ দান
সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.০৬.০১৮.২৩-৭২৬ তারিখ: ১৬ নভেম্বর ২০২৩ (পরিপত্র-৩)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য দিন ধার্য রয়েছে। গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে:

- (ক) ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৩) ও (৫) এ উল্লিখিত কোন ব্যক্তি;
- (খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ব্যতীত, অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
- (গ) বিদেশে বসবাসরত কোন বাংলাদেশি ভোটার।
- [গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদ এবং ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর সংশ্লিষ্ট অংশের কপি সংযুক্ত]

০২। উল্লিখিত শ্রেণির ব্যক্তিবর্গের আবেদনের ভিত্তিতে রিটার্নিং অফিসার তাদের নিকট ডাকযোগে পোস্টাল ব্যালট প্রেরণ করবেন। পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করে রিটার্নিং অফিসারের নিকট পোস্টাল ব্যালট প্রেরণ করার জন্য যে ডাক মাসুল খরচ করা হবে তা ভোটারগণ নিজে বহন করবেন। তবে তার পূর্বে রিটার্নিং অফিসার ডাকযোগে সংশ্লিষ্ট ভোটারগণের নিকট পোস্টাল ব্যালট পেপার প্রেরণ করবেন। যেহেতু আন্তর্জাতিক বিধানমতে ডাক মাসুল আদায় স্ব স্ব দেশের আওতাভুক্ত, সেহেতু নির্বাচন কমিশন সচিবালয়ের পক্ষে বৈদেশিক মুদ্রায় বিভিন্ন দেশের ডাক মাসুল প্রদান করা সম্ভব নয়।

০৩। বর্ণিতাবস্থায়, উপরোল্লিখিত বিষয়সমূহ বিভিন্ন দূতাবাস/হাইকমিশনকে অবহিত করার জন্য নির্দেশিত অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

E-mail: sasemc1@gmail.com

সিনিয়র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা

D:\Ahar 15 Feb 2022\National Election\12 National Election\Postal Schedule\Postal Shetlot letter.doc

অফিসের ঠিকানা :

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ :

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইল : secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস : www.ecs.gov.bd